## নতুন কর্মসূচি ঘোষণা ম্যাটস শিক্ষার্থীদের



ঢাবির রাজু ভাস্কর্যে নতুন কর্মসূচি ঘোষণা ম্যাটস শিক্ষার্থীদের

## সমকাল প্রতিবেদক

প্রকাশ: ০৯ ফেব্রুয়ারি ২০২৫ | ২২:০৮ | আপডেট: ০৯ ফেব্রুয়ারি ২০২৫ | ২২:১৩



চার দফা দাবি আদায়ে নতুন কর্মসূচি দিয়েছেন মেডিকেল অ্যাসিস্ট্যান্ট ট্রেনিং স্কুল (ম্যাটস) শিক্ষার্থীরা। কর্মসূচি অনুযায়ী আগামীকাল সোমবার তুপুর ১২টা পর্যন্ত কেন্দ্রীয় শহীদ মিনারে অবস্থান কর্মসূচি পালন করবেন তারা। এরমধ্যে দাবি আদায় না হলে তুপুর থেকে একযোগে আমরণ অনশন কর্মসূচি পালনের ঘোষণা দেওয়া হয়েছে।

আজ রোববার রাতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাজু ভাস্কর্য এলাকায় আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ কর্মসূচি ঘোষণা করেন সাধারণ ম্যাটস শিক্ষার্থী ঐক্য পরিষদের কেন্দ্রীয় সমন্বয়ক মুজাহিতুল ইসলাম। তিনি বলেন, স্বাস্থ্য মন্ত্রণালয় থেকে আমাদের দাবি পূরণে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশে তিনদিন সময় নেওয়া হয়েছে। তবে আমাদের অন্য তিনটি দাবির বিষয়ে কোনো সুরাহা হয়নি। তাই আমরা সিদ্ধান্ত নিয়েছি আমাদের অবস্থান কর্মসূচি থেকে সরে যাব না। আমরা রাতেও শহীদ মিনারে অবস্থান করব এবং আগামীকাল তুপুর ১২টা পর্যন্ত অপেক্ষা করব। যদি এই সময়ের মধ্যে দাবি পূরণ না হয়, তাহলে আমরা আমরণ অনশনে যাব।

মুজাহিতুল ইসলাম বলেন, আমাদের একটি টিম যখন স্বাস্থ্য উপদেষ্টার ডাকে সাড়া দিয়ে মন্ত্রণালয়ে বৈঠকে গিয়েছিল, তখন আমাদের শিক্ষার্থীরা প্রেস ক্লাবে অবস্থানের উদ্দেশ্যে শাহবাগ থেকে যাত্রা শুরু করেছিল। কিন্তু শাহবাগের দিকে যাওয়ার সময় আমাদের শিক্ষার্থীদের ওপর পুলিশ অতর্কিত হামলা চালায়। এতে ৬০ জন শিক্ষার্থী গুরুতর আহত হন। সবমিলিয়ে ১২০ জনের মতো শিক্ষার্থী হামলায় আহত হন। তাদের মধ্যে অনেকে হাসপাতালে ভর্তি হয়ে চিকিৎসা নিচ্ছেন।

হামলার নিন্দা ও প্রতিবাদ জানিয়ে তিনি বলেন, যে পুলিশগুলো আমাদের ওপর অতর্কিত হামলা চালিয়েছে, তারাই ফ্যাসিস্ট হাসিনার সময়ে বৈষম্যবিরোধী শিক্ষার্থীদের ওপর হামলা ও গুলি চালিয়েছিল। আমরা এই হামলায় জড়িতদের চিহ্নিত করে আইনের আওতায় আনার দাবি জানাই।